## দেওয়ানগঞ্জ উপজেলার আইসিটি কমিটির নভেম্বর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সুলতানা রাজিয়া, উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দেওয়ানগঞ্জ।
তারিখ : ০৫ ডিসেম্বর ২০১৯ খ্রি.

উপস্থিত ও অনুপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- "ক" তে সংযুক্ত।

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর গতসভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

**১। ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ**
**১.২ । উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউডিসি পরিদর্শন/ দর্শন ও অন্যান্য তথ্যঃ**

| ক্রঃ নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসির সংখ্যা | ইউএনও কর্তৃক পরিদর্শন | ইউএনও কর্তৃক দর্শন | ইউডিসি এর অক্টোবর মাসের মাসিক মোট আয় টাকা | ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা | অন্যান্য প্রশিক্ষণ |
| ০১ | দেওয়ানগঞ্জ | ০৫/১২/২০১৯ | হ্যাঁ | ০৮ টি | ০১ টি | ০২ টি | =৭৪,২২০/- | ৩২৪৪ জন | কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চলমান |

২। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২.১ | উপজেলার ওয়েব পোর্টালের তথ্যঃ<br>এ উপজেলার প্রতিটি অফিসের নিজস্ব ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য আগামী ০৫ ডিসেম্বররের মধ্যে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা নির্বাহী অফিসারের অফিসসহ ও অন্যান্য সকল অফিসের স্ব স্ব ওয়েব সাইটের সেবা বক্সের লিংক সংক্রান্ত চেকলিস্ট প্রস্তুতপূর্বক তথ্য হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধানগণ, সহকারী প্রোগ্রামার |
| ২.২ | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোডঃ<br>ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড করার ক্ষেত্রে উদ্যোক্তাদের কো-অপ্ট সদস্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া শ্রেণিকক্ষঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অবহিত করেন ২৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম চালু আছে এবং ক্লাস চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে জেএসসি পরীক্ষা চলমান থাকায় মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সম্ভব হচ্ছে না। | মাল্টিমিডিয়া ক্লাসরুমের সর্বশেষ অবস্থা পরিদর্শনপূর্বক পরবর্তী মিটিং এ প্রতিবেদন জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার |
| ২.৪ | আইসিটি লার্নিং সেন্টার (আইএলসি):<br>দেওয়ানগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ে একটি আইসিটি লার্নিং সেন্টার চালু আছে। আইসিটি লার্নিং সেন্টার এর কার্যক্রম চলমান রাখতে হবে। | আইসিটি লার্নিং সেন্টার (আইএলসি) এর মাধ্যমে ক্লাস করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার |
| ২.৫ | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনঃ<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে বিসিসি হতে স্থাপিত ল্যাব রয়েছে এবং ৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। | বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব / শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনপূর্বক পরবর্তী মিটিং এ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ উপজেলা একাডেমিক সুপারভাইসর |
| ২.৬ | তথ্য অধিকার আইনঃ<br>দেওয়ানগঞ্জ উপজেলায় ৪৫০ জনের তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে অনলাইন প্রশিক্ষণ সংক্রান্ত সনদ থাকার কথা। এর মধ্যে ৭০ জনের সনদ রয়েছে। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসারকে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার |
| ২.৭ | মুজিব বর্ষঃ<br>২০২০ সালে সমগ্র দেশব্যাপী মুজিব বর্ষ পালিত হবে। উপজেলা নির্বাহী অফিসার মুজিব বর্ষ উপলক্ষে কি উদ্যোগ গ্রহণ করা যায় এ সংক্রান্ত ধারণা দেয়ার জন্য সভায় উপস্থিত সকলকে দায়িত্ব প্রদান করেন। | স্ব স্ব কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিস প্রধানগণ |
| ২.৮ | ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯:<br>"সত্য মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে" এই প্রতিপাদ্যকে সামনে রেখে ১২ ডিসেম্বর, ২০১৯ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস পালনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনা অনুযায়ী ১২ ডিসেম্বর, ২০১৯ তারিখে ডিজিটাল বাংলাদেশ দিবস পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আইসিটি কমিটি |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।


সুলতানা রাজিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দেওয়ানগঞ্জ, জামালপুর।
মোবাইল নং- ০১৭০৯-৯৭০২৩০
ই-মেইলঃunodewanganj@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯১৫.০০০.০০.০০০.১৯- ৯৮২(ক) তারিখঃ ০৫.১২.২০১৯ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, জামালপুর-১।
২. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, জামালপুর।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জামালপুর।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৮. সহকারী কমিশনার (ভূমি), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৯. জনাব সমীর কুমার রায়, প্রভাষক, গণিত বিভাগ, সরকারি এ.কে.এম ডিগ্রি কলেজ, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১০. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১১. উপজেলা কৃষি অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১২. উপজেলা মৎস্য অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৩. অফিসার ইনচার্জ, দেওয়ানগঞ্জ মডেল থানা, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৪. উপজেলা প্রকৌশলী, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৫. প্রধান শিক্ষক, দেওয়ানগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৬. জনাব খোরশেদ আলম, প্রভাষক, আইসিটি,সানন্দবাড়ী ডিগ্রি কলেজ, চরআমখাওয়া, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৮. উপজেলা সমাজসেবা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
১৯. প্রধান শিক্ষক, পোল্লাকান্দি উচ্চ বিদ্যালয়, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২০. উপসহকারী প্রকৌশলী, টি এন্ড টি, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২১. জনাব মোঃ আহসানুল হাসান, প্রভাষক, রসায়ন বিভাগ, দেওয়ানগঞ্জ কামিল মাদ্রাসা, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২২. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২৩. অফিস কপি।

০৫.১২.১৯


সুলতানা রাজিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দেওয়ানগঞ্জ, জামালপুর।
মোবাইল নং- ০১৭০৯-৯৭০২৩০
ই-মেইলঃunodewanganj@mopa.gov.bd